

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
রাজশাহী শাখা, ৭০/৭১, মিয়াপাড়া, রাজশাহী।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি। (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখা, এর ঋণগ্রহীতা মেসার্স অনন কনস্ট্রাকশন নামীয়, প্রোপাইটরঃ জনাব মোঃ মজিবুর রহমান, পিতা- মৃত মোঃ ইউনুস আলী, ঠিকানাঃ বাসা নং-৬৯, লক্ষীপুর, টিবি রোড, ডাকঘর- জিপিও-৬০০০, থানা- রাজপাড়া, জেলা- রাজশাহী এর নিকট খেলাপী ঋণ বাবদ সুদসহ বিগত ২৫.০৯.২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৮০,১৩,৪৮৪.২৬ টাকা (আশি লক্ষ তের হাজার চার শত চুরাশি টাকা ছাব্বিশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে উক্ত ঋণের জামানত হিসাবে ব্যাংকের নিকট বন্ধককৃত নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত গৃহাদী নিলাম বিক্রয়ের জন্য আর্থহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্নাস ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল -১

(জেলা- রাজশাহী, থানা- রাজপাড়া, মৌজা- লক্ষীপুর, জে. এল. নং- ০৭)

সি.এস. খতিয়ান নং-৬০, এস.এ. খতিয়ান নং-৬০, আর.এস. খতিয়ান নং-৫৬, প্রস্তাবিত খতিয়ান নং-২৮৪৩, সাবেক প্লট নং-৩৯৭ আর.এস. প্লট নং-২২৪৩, জমির পরিমাণ- ৩.৬৪ ডেসিমেল এবং তদুপরিস্থিত স্থাপনা।

বন্ধকী সম্পত্তির তফসিল -২

জেলা- রাজশাহী, থানা- রাজপাড়া, মৌজা- লক্ষীপুর, জে.এল. নং-৭

ডস.এস. খতিয়ান নং-৬০, এস.এ. খতিয়ান নং-৬০, আর.এস. খতিয়ান নং-৫৬, প্রস্তাবিত খতিয়ান নং-২৬৬২, সাবেক প্লট নং-৩৯৭, আর.এস. প্লট নং-২২৪৩, জমির পরিমাণ ৩.১৫ ডেসিমেল এবং তদুপরিস্থিত স্থাপনা।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৩/১১/২০১৯ ইং বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখায় রক্ষিত বাস্তবে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখা, রাজশাহী।